## প্রধান সূচক ও নির্বাহী সারসংক্ষেপ

# খানার আয় ও ব্যয় জরিপ ২০২২

# Household Income and Expenditure Survey 2022



**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো**

**পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ**

**পরিকল্পনা মন্ত্রণালয়**

# প্রধান সূচকসমূহ

## খানার আয় ও ব্যয় জরিপ (HIES) ২০২২

| প্রধান প্রধান সূচকসমূহ | HIES ২০২২ | | | HIES ২০১৬ | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | পল্লি | শহর | মোট | পল্লি | শহর |
| **০১. মোট নমুনা খানা** | ১৪,৪০০ | ৭,২০০ | ৭,২০০ | ৪৬,০৮০ | ৩২,১০০ | ১৩,৯৮০ |
| **০২. খানার গড় আকার** | ৪.২৬ | ৪.৩০ | ৪.১৮ | ৪.০৬ | ৪.১১ | ৩.৯৩ |
| **০৩. প্রধান বসত ঘরের ছাদের উপকরণ (%)** | | | | | | |
| ইট/সিমেন্ট | ২২.৩০ | ১১.৯০ | ৪৪.৪০ | ১১.০৬ | ৫.৩২ | ২৫.৭৩ |
| টিন/সিআই শিট | ৭৬.০০ | ৮৫.৯০ | ৫৪.৮০ | ৮৪.২৯ | ৮৯.৪১ | ৭১.২২ |
| খড়/বাঁশ/অন্যান্য | ১.৭০ | ২.২০ | ০.৮০ | ৪.৬৫ | ৫.২৭ | ৩.০৫ |
| **০৪. প্রধান বসত ঘরের দেওয়ালের উপকরণ (%)** | | | | | | |
| ইট/সিমেন্ট | ৪৭.৮৪ | ৩৫.৭০ | ৭৩.৬৮ | ৩০.৫০ | ২০.২৪ | ৫৬.৭৭ |
| সিআই শিট/ইট/কাঠ | ৪১.৯৭ | ৫১.১০ | ২২.৫৫ | ৪৯.৩৩ | ৫৫.৭৩ | ৩২.৯৫ |
| কাদা/কাঁচা ইট | ৭.২৫ | ৯.৫৪ | ২.৩৭ | ১১.০২ | ১৩.৫৭ | ৪.৫০ |
| খড়/বাঁশ/পাতা/অন্যান্য | ২.৯৪ | ৩.৬৬ | ১.৪০ | ৯.১৫ | ১০.৪৬ | ৫.৭৮ |
| **০৫. খানায় খাবার পানির উৎস (%)** | | | | | | |
| সাপ্লাই | ১৯.৩৪ | ১.৮৪ | ৫৬.৫৯ | ১২.০১ | ২.১৪ | ৩৭.২৮ |
| নলকূপ | ৭৬.৮১ | ৯৪.৯৭ | ৩৮.১৪ | ৮৫.১৮ | ৯৪.৯৪ | ৬০.১৮ |
| অন্যান্য | ৩.৮৫ | ৩.১৯ | ৫.২৭ | ২.৮১ | ২.৯২ | ২.৫৪ |
| **০৬. খানায় বিদ্যুৎ সুবিধা (%)** | ৯৯.৩৪ | ৯৯.১৪ | ৯৯.৭৮ | ৭৫.৯২ | ৬৮.৮৫ | ৯৪.০১ |
| **০৭. খানায় টয়লেট সুবিধা (%)** | | | | | | |
| উন্নত | ৯২.৩২ | ৯০.৯১ | ৯৫.৩১ | - | - | - |
| অনুন্নত | ৬.৯৯ | ৮.১২ | ৪.৫৯ | - | - | - |
| টয়লেট নেই/উন্মুক্ত স্থান | ০.৬৯ | ০.৯৭ | ০.০৯ | - | - | - |
| স্যানিটারি/পাকা | - | - | - | ৬১.৩৭ | ৫৩.২৭ | ৮২.১২ |
| কাঁচা | - | - | - | ৩৫.৬৭ | ৪২.৯৮ | ১৬.৯৪ |
| উন্মুক্ত স্থান/অন্যান্য | - | - | - | ২.৯৬ | ৩.৭৫ | ০.৯৪ |
| **০৮. বিদ্যালয়ে অংশগ্রহণের ধরন (%)** | | | | | | |
| সরকারি | ৭৫.৫৯ | ৭৭.৭২ | ৭০.২৩ | ৮০.২০ | ৮১.৫৭ | ৭৫.৮৮ |
| সরকারি ভর্তুকিপ্রাপ্ত | ৯.৪০ | ৯.৪২ | ৯.৩৮ | ১০.৪৫ | ৯.৯২ | ১২.১১ |
| বেসরকারি ও অন্যান্য | ১৫.০১ | ১২.৮৬ | ২০.৩৯ | ৯.৩৫ | ৮.৫১ | ১২.০১ |
| **০৯. সাক্ষরতার হার (৭ বছর ও তদূর্ধ্ব) (%)** | | | | | | |
| **মোট** | ৭৪.০ | ৭০.৩ | ৮২.০ | ৬৫.৬ | ৬৩.৩ | ৭১.৬ |
| পুরুষ | ৭৫.৮ | ৭২.২ | ৮৩.৩ | ৬৭.৮ | ৬৫.৫ | ৭৪.০ |
| মহিলা | ৭২.৬ | ৬৮.৫ | ৮০.৭ | ৬৩.৪ | ৬১.২ | ৬৯.৩ |
| **১০. আয় (মাসিক টাকা)** | | | | | | |
| খানা প্রতি আয় | ৩২,৪২২ | ২৬,১৬৩ | ৪৫,৭৫৭ | ১৫,৯৮৮ | ১৩,৩৯৮ | ২২,৬০০ |
| মাথাপিছু আয় | ৭,৬১৪ | ৬,০৯১ | ১০,৯৫১ | ৩,৯৪০ | ৩,২৬১ | ৫,৭৫২ |
| **১১. ব্যয় (মাসিক টাকা)** | | | | | | |
| খানা প্রতি ব্যয় | ৩১,৫০০ | ২৬,৮৪২ | ৪১,৪২৪ | ১৫,৭১৫ | ১৪,১৫৬ | ১৯,৬৯৭ |
| খানা প্রতি ভোগ ব্যয় | ৩০,৬০৩ | ২৬,২০৭ | ৩৯,৯৭১ | ১৫,৪২০ | ১৩,৮৬৮ | ১৯,৩৮৩ |

| প্রধান প্রধান সূচকসমূহ | HIES ২০২২ | | | HIES ২০১৬ | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | পল্লি | শহর | মোট | পল্লি | শহর |
| **১২. খাদ্য গ্রহণ (মাথাপিছু দৈনিক-গ্রাম)** | | | | | | |
| মোট | ১১২৯.৮ | ১১২৫.৪ | ১১৩৯.৪ | ৯৭৫.৫ | ৯৭৪.৩ | ৯৭৮.৭ |
| চাল | ৩২৮.৯ | ৩৪৯.১ | ২৮৪.৭ | ৩৬৭.২ | ৩৮৬.১ | ৩১৬.৭ |
| আটা | ২২.৯ | ১৮.৩ | ৩৩.০ | ১৯.৮ | ১৭.৪ | ২৬.২ |
| আলু | ৬৯.৭ | ৭১.৯ | ৬৫.০ | ৬৪.৮ | ৬৫.৯ | ৬২.০ |
| ডাল | ১৭.১ | ১৫.৯ | ১৯.৯ | ১৫.৬ | ১৫.১ | ১৬.৯ |
| শাক-সব্জি | ২০১.৯ | ২০২.২ | ২০১.৩ | ১৬৭.৩ | ১৬৪.৮ | ১৭৪.১ |
| ভোজ্যতেল | ৩০.৮ | ৩০.০ | ৩২.৬ | ২৬.৮ | ২৫.৭ | ২৯.৬ |
| পেঁয়াজ | ৩০.২ | ২৯.১ | ৩২.৫ | ৩১.০ | ২৯.৮ | ৩৪.৫ |
| গরু ও মহিষের মাংস | ১১.৭ | ১০.২ | ১৪.৭ | ৭.৫ | ৬.৫ | ১০.২ |
| ছাগল ও ভেড়ার মাংস | ১.৩ | ১.২ | ১.৪ | ০.৬ | ০.৫ | ০.৮ |
| মুরগী ও হাঁসের মাংস | ২৬.২ | ২৩.০ | ৩৩.১ | ১৭.৩ | ১৫.৩ | ২২.৭ |
| অন্যান্য মাংস | ০.৯ | ০.৯ | ১.০ | ০.০ | ০.০ | ০.০ |
| ডিম | ১২.৭ | ১০.৭ | ১৭.২ | ১৩.৬ | ১২.৭ | ১৫.৯ |
| মাছ | ৬৭.৮ | ৬৭.৭ | ৬৮.২ | ৬২.৬ | ৬০.৬ | ৬৭.৯ |
| দুধ ও দুগ্ধজাত পণ্য | ৩৪.১ | ৩২.১ | ৩৮.৫ | ২৭.৩ | ২৬.৩ | ৩০.০ |
| ফল | ৯৫.৪ | ৯০.৯ | ১০৫.৩ | ৩৫.৮ | ৩২.২ | ৪৫.২ |
| চিনি/গুড় এর মিষ্টি | ১৬.৪ | ১৬.৭ | ১৫.৬ | ৬.৯ | ৬.৭ | ৭.৬ |
| বাড়ির বাইরের খাবার | ৬৩.৬ | ৫৭.৮ | ৭৬.১ | ৩০.৮ | ২৭.৫ | ৩৯.৫ |
| বিবিধ | ৯৮.২ | ৯৭.৭ | ৯৯.৩ | ৮০.৬ | ৮১.২ | ৭৯.০ |
| **১৩. মাথাপিছু দৈনিক ক্যালরি গ্রহণ (কিলো ক্যালরি)** | ২৩৯৩.০ | ২৪২৪.২ | ২৩২৪.৬ | ২২১০.৪ | ২২৪০.২ | ২১৩০.৭ |
| **১৪. দারিদ্র্য হার (%)** | | | | | | |
| **উচ্চ দারিদ্র্য রেখা ব্যবহার করে** | | | | | | |
| দারিদ্র্য হার | ১৮.৭ | ২০.৫ | ১৪.৭ | ২৪.৩ | ২৬.৪ | ১৮.৯ |
| দারিদ্র্য ব্যবধান | ৩.৭৭ | ৪.১৫ | ২.৯৩ | ৫.০ | ৫.৪ | ৩.৯ |
| বর্গীয় দারিদ্র্য ব্যবধান | ১.১৭ | ১.৩০ | ০.৮৯ | ১.৫ | ১.৭ | ১.২ |
| **নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে** | | | | | | |
| দারিদ্র্য হার | ৫.৬ | ৬.৫ | ৩.৮ | ১২.৯ | ১৪.৯ | ৭.৬ |
| দারিদ্র্য ব্যবধান | ০.৯৩ | ১.০৭ | ০.৬১ | ২.৩ | ২.৬ | ১.৩ |
| বর্গীয় দারিদ্র্য ব্যবধান | ০.২৫ | ০.২৯ | ০.১৫ | ০.৬ | ০.৭ | ০.৪ |
| **১৫. খানা প্রধানের সাক্ষরতার উপর ভিত্তি করে দারিদ্র্যের হার (%)** | | | | | | |
| **উচ্চ দারিদ্র্য রেখা ব্যবহার করে** | | | | | | |
| সাক্ষর | ১৪.২ | ১৬.০ | ১১.১ | ১৫.১ | ১৭.৫ | ১০.৩ |
| নিরক্ষর | ২৬.৯ | ২৭.০ | ২৬.৬ | ২৯.৫ | ৩০.১ | ২৭.৩ |
| **নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে** | | | | | | |
| সাক্ষর | ৩.৮ | ৪.৬ | ২.৪ | ৭.১ | ৯.০ | ৩.৬ |
| নিরক্ষর | ৯.১ | ৯.২ | ৮.৫ | ১৫.৮ | ১৭.০ | ১১.৪ |
| **১৬. খানা প্রধানের লিঙ্গভেদে দারিদ্র্যের হার (%)** | | | | | | |
| **উচ্চ দারিদ্র্য রেখা ব্যবহার করে** | | | | | | |
| পুরুষ | ১৯.১ | ২১.০ | ১৫.১ | ২৪.৮ | ২৭.১ | ১৮.৮ |
| মহিলা | ১৪.১ | ১৫.৩ | ১১.৪ | ১৯.৯ | ২০.০ | ১৯.৭ |
| **নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে** | | | | | | |
| পুরুষ | ৫.৬৯ | ৬.৫ | ৩.৮ | ১৩.২ | ১৫.৩ | ৭.৫ |
| মহিলা | ৫.৬৪ | ৬.৫ | ৩.৬ | ১০.৪ | ১১.৩ | ৮.০ |

| প্রধান প্রধান সূচকসমূহ | HIES ২০২২ | | | HIES ২০১৬ | | |
|---|---|---|---|---|---|---|
| | মোট | পল্লি | শহর | মোট | পল্লি | শহর |
| **১৭. সামাজিক নিরাপত্তা কর্মসূচি (SSP) সুবিধাভোগী খানার শতকরা হার (%)** | ৩৭.৬ | ৪৪.০ | ২৩.৯ | ২৭.৮ | ৩৪.৫ | ১০.৬ |
| **১৮. সামাজিক নিরাপত্তা কর্মসূচি সুবিধাভোগীর হার (%)** | ৫০.০ | ৫৯.১ | ৩০.৭ | ২৮.৭ | ৩৫.৭ | ১০.৯ |
| **১৯. ফাংশনাল ডিফিক্যাল্টি সম্পন্ন ব্যক্তিদের শতকরা হার** | ৫.৭১ | ৬.০৫ | ৪.৯৬ | ৬.৯৪ | ৭.২৭ | ৬.০৪ |
| **২০. ফাংশনাল ডিফিক্যাল্টি এর তিব্রতা (%)** | মৃদু | গুরুতর | সম্পূর্ণ অক্ষম | মৃদু | গুরুতর | সম্পূর্ণ অক্ষম |
| (ক) দৃষ্টিশক্তির সমস্যা | ২.৬২ | ০.৩৪ | ০.০৫ | ৩.৮৯ | ০.৪২ | ০.৮ |
| (খ) শ্রবণশক্তির সমস্যা | ১.২৪ | ০.২৭ | ০.০৫ | ১.৭৫ | ০.২৮ | ০.৯ |
| (গ) হাঁটা-চলায় অসুবিধা | ১.৭৬ | ০.৫৬ | ০.১৫ | ১.৪০ | ০.৪৬ | ০.১৭ |
| (ঘ) স্মৃতিশক্তি এ মনোনিবেশে সমস্যা | ১.৩২ | ০.৩৮ | ০.১৪ | ১.০৭ | ০.৩৩ | ০.১৯ |
| (ঙ) নিজের যত্ন নিতে সমস্যা | ১.০২ | ০.৩৮ | ০.২০ | ০.৮৮ | ০.৩৬ | ০.২৯ |
| (চ) কথা বলা ও যোগাযোগে সমস্যা | ০.৯৪ | ০.৩১ | ০.২১ | ০.৮০ | ০.৩২ | ০.৩১ |
| **২১. খানাপ্রতি অভিবাসন (%)** | | | | | | |
| মোট | ১০.৪৭ | ১১.৬৪ | ৭.৯৮ | ১১.২২ | ১২.৯৮ | ৬.৭২ |
| বাংলাদেশের অভ্যন্তরে | ২.২৫ | ২.৬২ | ১.৪৬ | ২.৯৫ | ৩.৫৯ | ১.৩২ |
| বাংলাদেশের বাইরে (বিদেশে) | ৮.৩৩ | ৯.০৯ | ৬.৬৯ | ৮.২৭ | ৯.৩৯ | ৫.৪০ |
| **২২. গত ১২ মাসে খানার আর্থিক অন্তর্ভুক্তি (%)** | | | | | | |
| ব্যাংক হিসাবধারী | ১৪.১২ | ১৩.৩৯ | ১৫.৬৫ | ৭.৫০ | ৭.৬০ | ৭.৩০ |
| ক্ষুদ্র/আর্থিক প্রতিষ্ঠানে আমানতধারী | ২১.৩০ | ২১.০৪ | ২১.৮৫ | ১৫.০৯ | ১৭.৩০ | ১২.২০ |
| অনানুষ্ঠানিক আর্থিক প্রতিষ্ঠানে আমানতধারী | ৬.৯১ | ৭.০৮ | ৬.৫৬ | ৫.৩০ | ৫.১০ | ৫.৭০ |
| আর্থিক প্রতিষ্ঠানে এবং/অথবা বন্ধুদের নিকট হতে ঋণ গ্রহণ | ৩৭.০৩ | ৩৯.৩৫ | ৩২.১১ | ২৯.৩০ | ৩২.৭০ | ২২.১০ |
| **২৩. খানার ঋণের গড় পরিমাণ (টাকা)** | ৭৩,৯৮০ | ৪৪,১১১ | ১৩৭,৪৫৬ | ৩৭,৭৪৩ | ৩১,৩৩২ | ৫৯,৭২৮ |
| **২৪. লিঙ্গাভিত্তিক শ্রমশক্তির হার (১৫ বছর এবং এর বেশি বয়সী)** | | | | | | |
| পুরুষ | ৮১.৩৩ | ৮২.৫৮ | ৭৮.৬৮ | - | - | - |
| মহিলা | ৪২.৪৯ | ৪৬.৫৭ | ৩৩.৬৯ | - | - | - |
| উভয় | ৬১.৭২ | ৬৪.৩৫ | ৫৬.০৬ | - | - | - |
| **২৫. খাদ্য নিরাপত্তাহীনতা [জনসংখ্যা (%)]** | | | | | | |
| মাঝারি বা তীব্র নিরাপত্তাহীনতা | ২১.১১ | ২২.৩৬ | ১৮.৩৭ | - | - | - |
| তীব্র নিরাপত্তাহীনতা | ১.১৩ | ১.২২ | ০.৯২ | - | - | - |

*নোট:* সারণিতে উল্লিখিত ড্যাশ (-) চিহ্ন নির্দেশ করে যে উক্ত সূচকের কোন তথ্য-উপাত্ত নেই।

# নির্বাহী সারসংক্ষেপ

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জানুয়ারি ২০২২ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত সময়ে 'খানার আয় ও ব্যয় জরিপ' এর ১৭ তম রাউন্ড সম্পন্ন করেছে। এ জরিপটি বিভিন্ন নতুনত্বের কারণে পূর্বতন সকল রাউন্ডের তুলনায় অনন্য বৈশিষ্ট্যের অধিকারী। দক্ষতাসম্পন্ন ও যোগ্য তথ্যসংগ্রহকারী নির্বাচন, দীর্ঘমেয়াদী নিবিড় আবাসিক প্রশিক্ষণ, তথ্য-উপাত্ত সংগ্রহে সর্বাধুনিক Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতি ও Classification of Individual Consumption by Purpose (COICOP) প্রবর্তনের পাশাপাশি নবতর জরিপ উপকরণের ব্যবহারের ফলে পুরো তথ্যসংগ্রহ প্রক্রিয়াটি ছিল অত্যন্ত সুসংগঠিত ও সুনিয়ন্ত্রিত। এছাড়াও বছরব্যাপী তথ্যসংগ্রহ কার্যক্রমের প্রতিটি ধাপে কার্যকর তদারকি ও মাঠপর্যায়ে উদ্ভূত সমস্যার তাৎক্ষণিক সমাধান এ জরিপের তথ্য-উপাত্তের মানকে অধিকতর সঠিক ও সমৃদ্ধ করতে ভূমিকা রেখেছে। ফলশ্রুতিতে খানার আয়, ব্যয় ও ভোগ সম্পর্কিত সূচকগুলোর সঠিক পরিমাপ এ জরিপে ফুটে উঠেছে। খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এর চূড়ান্ত প্রতিবেদনের নিম্নবর্ণিত বৈশিষ্ট্যসমূহ প্রণিধানযোগ্য:

### খানার আর্থসামাজিক অবস্থা ও জীবনমানের ক্রমবর্ধমান উন্নতি

খানার আয় ও ব্যয় জরিপ ২০২২ এ প্রাপ্ত তথ্য-উপাত্ত পর্যবেক্ষণে দেখা যায়, ২০১০ ও ২০১৬ সালের তুলনায় খানায় বিদ্যুৎ সংযোগ ও ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ২০১০ ও ২০১৬ সালে যেখানে বিদ্যুৎ সুবিধার আওতাভুক্ত খানার শতকরা হার ছিল যথাক্রমে ৫৫.৩ ও ৭৫.৯, বর্তমানে অর্থাৎ ২০২২ সালে তা বৃদ্ধি পেয়ে শতকরা ৯৯.৩ ভাগে দাঁড়ায়। একইভাবে খানায় উন্নত টয়লেট ব্যবহারের হার শতকরা ৯২.৩ ভাগ এবং খানায় ব্যবহার্য উন্নত পানযোগ্য জলের সুবিধা শতকরা ৯৬.১ ভাগে উন্নীত হয়েছে। লক্ষণীয় যে, বাংলাদেশের ৭ বছর ও তদূর্ধ্ব জনগোষ্ঠীর মধ্যে সাক্ষরতার হার ২০২২ সালে শতকরা ৭৪.০ ভাগ, যা ২০১০ ও ২০১৬ সালে ছিল যথাক্রমে ৫৭.৯ ও ৬৫.৬%।

### খানার মাসিক গড় আয়ে লক্ষণীয় প্রবৃদ্ধি

খানার আয় সংক্রান্ত তথ্য-উপাত্ত পরীক্ষণে দেখা যায়, খানার গড় আয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। HIES ২০২২ জরিপের তথ্য-উপাত্ত অনুযায়ী খানার মাসিক গড় আয় ৩২,৪২২ টাকা, যা ২০১০ ও ২০১৬ সালের জরিপে ছিল যথাক্রমে ১১,৪৭৯ টাকা ও ১৫,৯৮৮ টাকা।

### খানার মাসিক ব্যয় বৃদ্ধি

HIES ২০২২ জরিপে প্রাপ্ত তথ্য-উপাত্ত অনুযায়ী খানার মাসিক আয় বৃদ্ধির সাথে সাথে মাসিক ব্যয়ও বৃদ্ধি পেয়েছে। ২০২২ সালের তথ্য-উপাত্ত অনুযায়ী খানার মাসিক ব্যয় ৩১,৫০০ টাকা। ২০১০ ও ২০১৬ সালে যা ছিল যথাক্রমে ১১,২০০ টাকা ও ১৫,৭১৫ টাকা।

### সময়ের পরিক্রমায় ভোগ ব্যয়ের ধরন পরিবর্তন

HIES ২০২২ এর তথ্য-উপাত্ত নিরীক্ষণে দেখা যায় খানায় খাদ্য ও খাদ্য বহির্ভূত ব্যয়ের ধারায় পরিবর্তন হয়েছে। খাদ্য বহির্ভূত ব্যয় ক্রমান্বয়ে বাড়ছে। ২০২২ সালে খাদ্য ব্যয়ের শতকরা হার ৪৫.৮%, এবং খাদ্য বহির্ভূত ব্যয় ৫৪.২%, যেখানে ২০১৬ সালে খাদ্যের জন্য ব্যয় ছিল ৪৭.৭% এবং খাদ্য বহির্ভূত ব্যয় ৫২.৩%।

২০২২ সালে চালের দৈনিক মাথাপিছু গড় ভোগের পরিমাণ ৩২৮.৯ গ্রাম, যা ২০১৬ সালে ৩৬৭.২ গ্রাম, ২০১০ সালে ৪১৬.০ গ্রাম, ২০০৫ সালে ৪৩৯.৬ গ্রাম এবং ২০০০ সালে ৪৫৮.৫ গ্রাম ছিল। অন্যদিকে সবজি ও মাংসের ব্যবহার ধীরে ধীরে বেড়েছে।

### প্রোটিন গ্রহণের গড় পরিমাণ বৃদ্ধি

২০২২ সালের তথ্য-উপাত্ত অনুযায়ী দৈনিক মাথাপিছু প্রোটিন গ্রহণের পরিমাণ ৭২.৫ গ্রাম, যা ২০১৬ সালে ৬৩.৮ গ্রাম, ২০১০ সালে ৬৬.২৬ গ্রাম, ২০০৫ সালে ৬২.৫২ গ্রাম ও ২০০০ সালে ৬২.৫০ গ্রাম।

### ২০২২ সালে দারিদ্র্যের হার উল্লেখযোগ্যভাবে হ্রাস

২০২২ সালে উচ্চ দারিদ্র্য রেখা ব্যবহার করে হেডকাউন্ট রেট (HCR) জাতীয় পর্যায়ে ১৮.৭%, পল্লি এলাকায় ২০.৫% এবং শহরাঞ্চলে ১৪.৭%। যেখানে ২০১৬ সালে দারিদ্র্য রেখা ব্যবহার করে অফিসিয়াল দারিদ্র্য হার ছিল জাতীয় পর্যায়ে ২৪.৩%, পল্লি এলাকায় ২৬.৪% এবং শহরাঞ্চলে ১৮.৯%। গুরুত্বপূর্ণ একটি বিষয় হলো ব্যাক-ক্যাকুলেশন পদ্ধতি ব্যবহার করে HIES ২০১৬-এ দারিদ্র্যের হার ছিল ২৬.৪% (উর্ধ্ব দারিদ্র্য রেখা) যাতে দেখা যায় বাংলাদেশে ২০১৬ সালের তুলনায় ২০২২ সালে দারিদ্র্য হার ৭.৭ শতাংশীয় পয়েন্ট (হ্রাসের গতি ২৯.১৭%) কমেছে।

## ২০২২ সালে অতি দারিদ্র্যের হার ব্যাপকভাবে হ্রাস

নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে ২০২২ সালে অতি দারিদ্র্য হার জাতীয় পর্যায়ে ৫.৬%, পল্লি এলাকায় ৬.৫% এবং শহরাঞ্চলে ৩.৮%। যেখানে, ২০১৬ সালে নিম্ন দারিদ্র্য রেখা ব্যবহার করে অতি দারিদ্র্য হার ছিল জাতীয় পর্যায়ে ১২.৯%, পল্লি এলাকায় ১৪.৯% ও শহরাঞ্চলে ৭.৬%। উল্লেখ্য যে, ব্যাক-ক্যালকুলেশন পদ্ধতি ব্যবহার করে HIES ২০১৬-এর অতি দারিদ্র্য হার ছিল ৯.২% (নিম্ন দারিদ্র্য রেখা)। সুতরাং দেখা যায়, বাংলাদেশে ২০১৬ থেকে ২০২২ সালে অতি দারিদ্র্যের হার (৩.৭ শতাংশীয় পয়েন্ট, হ্রাসের গতি ৩৯.৭৮%) ব্যাপকভাবে হ্রাস পেয়েছে।

## ২০২২ সালে বরিশাল বিভাগে সর্বোচ্চ দারিদ্র্য হার

উচ্চ ও নিম্ন উভয় দারিদ্র্য রেখার মাধ্যমে প্রাপ্ত হিসাব অনুযায়ী ২০২২ সালে বরিশাল বিভাগে দারিদ্র্যের হার বিভাগগুলোর মধ্যে সর্বোচ্চ। ২০২২ সালে বরিশালে উচ্চ দারিদ্র্য রেখা অনুযায়ী দারিদ্র্য হার ২৬.৯% এবং নিম্ন দারিদ্র্য রেখা অনুযায়ী দারিদ্র্যের হার ১১.৮% পাওয়া যায়। অন্যদিকে, বিভাগগুলোর মধ্যে উচ্চ দারিদ্র্য রেখা অনুযায়ী খুলনায় দারিদ্র্যের হার ১৪.৮% এবং ঢাকায় নিম্ন দারিদ্র্য রেখা অনুযায়ী অতি দারিদ্র্যের হার ২.৮%।

## ২০২২ সালে আয় বৈষম্যের পরিবর্তন

২০২২ সালে আয় গিনি সহগ অনুযায়ী জাতীয় পর্যায়ে আয় বৈষম্য ০.৪৯৯, পল্লি এলাকায় ০.৪৪৬ এবং শহর এলাকায় ০.৫৩৯, যা ২০১৬ সালে জাতীয় পর্যায়ে ছিল ০.৪৮২, পল্লি এলাকায় ০.৪৫৪ এবং শহর এলাকায় ০.৪৯৮। ২০১০ সালে জাতীয় পর্যায়ে গিনি সহগ ছিল ০.৪৫৮, পল্লি এলাকায় ০.৪৩১ এবং শহর এলাকায় ০.৪৫২। এটি স্পষ্টভাবে নির্দেশ করে যে, উচ্চ আয় বিশিষ্ট শ্রেণির আয় ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে।

## খানার আর্থিক অন্তর্ভুক্তি ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে

২০২২ সালে, আনুমানিক ১৪.১% খানার অন্তত একজন সদস্য ছিলেন যারা গত ১২ মাসে একটি ব্যাংক অ্যাকাউন্ট খুলেছিলেন। এটি ২০১৬ ও ২০১০ সালের তুলনায় প্রায় দ্বিগুণ যার হার ছিল যথাক্রমে ৭.৫% এবং ৭.৪%। এরূপ পরিবর্তন খানার আর্থিক অন্তর্ভুক্তির ক্ষেত্রে ধীরে ধীরে উন্নতির একটি স্পষ্ট চিত্র তুলে ধরে।

## ২০২২ সালে সামাজিক নিরাপত্তা কর্মসূচির (এসএসপি) কভারেজ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে

জাতীয়, পল্লি ও শহরে খানা পর্যায়ে ও সামাজিক নিরাপত্তা কর্মসূচি (SSP) এর ক্ষেত্রে HIES ২০১৬ এবং HIES ২০১০ এর তুলনায় HIES ২০২২ এ সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। HIES ২০২২-এ খানা পর্যায়ে সুবিধাভোগীর হার ৩৭.৬% এবং ব্যক্তি পর্যায়ে সামাজিক নিরাপত্তা কর্মসূচি সুবিধাভোগী পাওয়া গিয়েছে ৫০.০% যেখানে ২০১৬ সালে এর হার ছিল যথাক্রমে খানা পর্যায়ে ২৭.৮% এবং ব্যক্তি পর্যায়ে ২৮.৭%। যদিও, HIES ২০২২-এ SSP এর সংখ্যা ছিল ৬৬টি যা ২০১৬ এবং ২০১০ সালে ছিল যথাক্রমে ৩৭টি এবং ৩০টি।

## শহর এলাকায় অকৃষি খাতে নারী শ্রমশক্তির অংশগ্রহণ বেড়েছে

HIES ২০২২ এর তথ্য-উপাত্ত নির্দেশ করে যে, শহর এলাকায় পুরুষের তুলনায় নারীরা (১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী) অকৃষি খাতে বেশি হারে নিয়োজিত রয়েছেন। শহর এলাকায় কর্মজীবী নারীদের মধ্যে ৯৮.৯০% অকৃষি খাতে ও মাত্র ১.১০% কৃষি খাতে নিয়োজিত রয়েছেন। অন্যদিকে, শহর এলাকায় পুরুষের জন্য এ হার অকৃষি ও কৃষি খাতে যথাক্রমে ৯৪.৮৫% ও ৫.১৫%।

## শহর এলাকার তুলনায় পল্লি এলাকায় মধ্যম বা মারাত্মক খাদ্য নিরাপত্তাহীনতা বেশি

HIES ২০২২ এর তথ্য-উপাত্ত অনুযায়ী জাতীয় পর্যায়ে ২১.১১% ব্যক্তি মাঝারি বা মারাত্মক খাদ্য নিরাপত্তাহীনতায় ছিলেন। যেখানে ২০২২ সালে পল্লি এলাকায় এ হার ছিল ২২.৩৬% এবং শহর এলাকায় ১৮.৩৭%। বাংলাদেশে ২০২২ সালে ১.১৩% ব্যক্তি মারাত্মক খাদ্য নিরাপত্তাহীনতার মধ্যে ছিলেন, যা ইঙ্গিত করে যে, দেশটি ২০৩০ সাল নাগাদ টেকসই উন্নয়ন অভীষ্টের 'অভীষ্ট: ২ ক্ষুধামুক্ত (জিরো হাঙ্গার)' অর্জনের পথে রয়েছে।

50 Years Journey of HES/HIES In Bangladesh

BANGLADESH BUREAU OF STATISTICS (BBS)
STATISTICS AND INFORMATICS DIVISION (SID)
MINISTRY OF PLANNING

WORLD BANK GROUP

www.bbs.gov.bd